

আল-হাক্বাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ১২

আরবি মূল আয়াত:

لِنَجْعَلَهَا لَكُمْ تَذْكِرَةً وَتَعِيَهَا أُذُنٌ وَاعِيَةٌ ﴿١٢﴾

অনুবাদসমূহ:

একে তোমাদের নিমিত্তে উপদেশ বানানোর জন্য এবং সংরক্ষণকারী কান তা সংরক্ষণ করার জন্য। — আল-বায়ান
যেন এ ঘটনাটিকে আমি তোমাদের জন্য শিক্ষাপ্রদ-স্মারক করে রাখি আর সংরক্ষণকারী কান তা সংরক্ষণ করে।
— তাইসিরুল

আমি উহা করেছিলাম তোমাদের শিক্ষার জন্য এবং এ জন্য যে, শ্রুতিধর কণ্ঠ ইহা সংরক্ষণ করে। — মুজিবুর রহমান
That We might make it for you a reminder and [that] a conscious ear would be conscious of it. — Sahih International

১২. আমরা এটা করেছিলাম তোমাদের শিক্ষার জন্য এবং এজন্যে যে, যাতে শ্রুতিধর কান এটা সংরক্ষণ করে।

-

তফসীরে জাকারিয়া

(১২) আমি এটা করেছিলাম তোমাদের শিক্ষার জন্য[১] এবং যাতে শ্রুতিধর কণ্ঠ এটা স্মরণ রাখে। [২]

[১] অর্থাৎ, কাফেরদেরকে পানিতে ডুবিয়ে দেওয়া এবং মু'মিনদেরকে নৌকায় আরোহণ করিয়ে বাঁচিয়ে নেওয়ার কাজ হল তোমাদের জন্য নসীহত ও উপদেশস্বরূপ। তোমরা এ থেকে উপদেশ গ্রহণ কর এবং আল্লাহর অবাধ্যতা থেকে দূরে থাক।

[২] অর্থাৎ, শ্রবণকারী তা শ্রবণ করে যেন স্মরণে রাখে এবং সেও যেন এ থেকে উপদেশ গ্রহণ করে।

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5335>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন